রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার, জুন ১৫, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও ২০২-আইন/৮৯/১৯৯-আবগারী।—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৩রা আষাঢ়, ১৩৯৫/১৬ই জুন, ১৯৮৮ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৫৩-আইন/৮৮/১৭৩-আবগারী এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে,—

(ক) টেবিল-১ এ,—

(১) কলাম (1) এর আইটেম নম্বর 02·04(2) (ii)(a) (i) এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Cigarettes manufactured with mechanical aid of any kind—

| | |
|---|---|
| (a) if the retail price is legibly, prominently and indelibly printed on each packet and if such price per ten cigarettes— | |
| (i) does not exceed taka one and poisha fifty | Taka fifty-five per thousand cigarettes ; |
| (ii) exceeds taka one and poisha fifty but does not exceed taka two, | Taka one hundred per thousand cigarettes ; |
| (iii) exceeds taka two but does not exceed taka two and poisha fifty, | Taka one hundred forty-five per thousand cigarettes ; |



মূল্যঃ টাকা ২·১০

| | |
|---|---|
| (iv) exceeds taka two and poisha fifty but does not exceed taka three, | Taka one hundred eighty-eight per thousand cigarettes ; |
| (v) exceeds taka three but does not exceed taka three and poisha fifty, | Taka two hundred thirty-three per thousand cigarettes ; |
| (vi) exceeds taka three and poisha fifty but does not exceed taka four, | Taka two hundred seventy per thousand cigarettes ; |
| (vii) exceeds taka four but does not exceed taka four and poisha fifty, | Taka three hundred five per thousand cigarettes ; |
| (viii) exceeds taka four and poisha fifty but does not exceed taka five, | Taka three hundred forty per thousand cigarettes ; |
| (ix) exceeds taka five but does not exceed taka five and poisha fifty, | Taka three hundred seventy-five per thousand cigarettes ; |
| (x) exceeds taka five and poisha fifty but does not exceed taka six, | Taka four hundred ten per thousand cigarettes ; |
| (xi) exceeds taka six but does not exceed taka six and poisha fifty, | Taka four hundred forty-five per thousand cigarettes ; |
| (xii) exceeds taka six and poisha fifty but does not exceed taka seven, | Taka four hundred eighty per thousand cigarettes ; |
| (xiii) exceeds taka seven but does not exceed taka seven and poisha fifty, | Taka five hundred fifteen per thousand cigarettes ; |
| (xiv) exceeds taka seven and poisha fifty but does not exceed taka eight, | Taka five hundred fifty per thousand cigarettes ; |
| (xv) exceeds taka eight but does not exceed taka eight and poisha fifty, | Taka five hundred seventy-five per thousand cigarettes ; |
| (xvi) exceeds taka eight and poisha fifty but does not exceed taka nine, | Taka six hundred ten per thousand cigarettes ; |
| (xvii) exceeds taka nine but does not exceed taka nine and poisha fifty, | Taka six hundred forty-five per thousand cigarettes ; |
| (xviii) exceeds taka nine and poisha fifty but does not exceed taka ten, | Taka six hundred eighty per thousand cigarettes ; |
| (xix) exceeds taka ten but does not exceed taka ten and poisha fifty, | Taka seven hundred fifteen per thousand cigarettes ; |

| | |
|---|---|
| (xx) exceeds taka ten and poisha fifty but does not exceed taka eleven, | Taka seven hundred forty-five per thousand cigarettes ; |
| (xxi) exceeds taka eleven but does not exceed taka eleven and poisha fifty, | Taka seven hundred eighty per thousand cigarettes ; |
| (xxii) exceeds taka eleven and poisha fifty but does not exceed taka twelve, | Taka eight hundred fifteen per thousand cigarettes ; |
| (xxiii) exceeds taka twelve but does not exceed taka twelve and poisha fifty, | Taka eight hundred fifty per thousand cigarettes ; |
| (xxiv) exceeds taka twelve and poisha fifty but does not exceed taka thirteen, | Taka eight hundred eighty-five per thousand cigarettes ; |
| (xxv) exceeds taka thirteen but does not exceed taka thirteen and poisha fifty, | Taka nine hundred fifteen per thousand cigarettes ; |
| (xxvi) exceeds taka thirteen and poisha fifty but does not exceed taka fourteen, | Taka nine hundred fifty per thousand cigarettes ; |
| (xxvii) exceeds taka fourteen but does not exceed taka fourteen and poisha fifty, | Taka nine hundred eighty-five per thousand cigarettes ; |
| (xxviii) exceeds taka fourteen and poisha fifty but does not exceed taka fifteen, | Taka one thousand ten per thousand cigarettes ; |
| (xxix) exceeds taka fifteen but does not exceed taka sixteen, | Taka one thousand seventy-two per thousand cigarettes ; |
| (xxx) exceeds taka sixteen .. | Taka one thousand seventy-two plus fifty per cent of the retail price in excess of taka sixteen hundred per thousand cigarettes." ; |

(২) কলাম (1) এর আইটেম নম্বর 02·04 (2) (ii) (b) এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Cigarettes manufactured manually, that is without any mechanical aid whatsoever—

| | |
|---|---|
| (a) if made by rolling the tobacco in, or wrapping it with, paper but without any filter tip and packed in bundles containing twenty-five sticks each but without using any box-shaped packet of paper board or thick paper, | Taka nineteen and poisha twenty per thousand cigarettes ; |

| | |
|---|---|
| (b) if made as in clause (a) and packed in box-shaped packet of paper board or thick paper containting not more than twenty sticks each, | Taka thirty-eight and poisha forty per thousand cigarettes ; |
| (c) if not covered by clauses(a) and (b), | Taka forty per thousand cigarettes.",, |

(৩) কলাম (1) এর আইটেম নম্বর 04·03 (1) এর বিপরীতে কলাম (3)তে "Twenty" শব্দটির পরিবর্তে "Fifteen" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৪) কলাম (1) এর আইটেম নম্বর 04·05 (1)(i) এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এণ্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ এণ্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Soaps—

| | |
|---|---|
| (a) laundry soaps .. .. .. | Five per cent. of the retail price ; |
| (b) other soaps .. .. .. .. | Ten per cent. of the retail price." ; |

(৫) কলাম (1) এর আইটেম নম্বর 04·05 (2)(i) এর বিপরীতে কলাম (2)তে এণ্ট্রি (b) এর বিপরীতে কলাম (3)তে "Five" শব্দটির পরিবর্তে "Ten" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৬) কলাম (1) এর আইটেম নম্বর 04·09 এবং আইটেম নম্বর 04·09 (1) এবং উহাদের বিপরীতে কলাম (2) এবং কলাম (3) তে তৎসম্পর্কিত এণ্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ আইটেম এবং এণ্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"04·09 Medicine or medicinal products, all sorts—

| | |
|---|---|
| (a) medicinal contraceptive, sera and vaccine .. | Nil. |
| (b) unani medicine .. .. .. | Nil. |
| (c) other medicines ... ... .. | Ten per cent. of the retail price." |

(৭) কলাম (1) এর আইটেম নম্বর 05·01(1) এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এণ্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ এণ্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | |
|---|---|
| "(i) PVC and plastic pipes, all sorts, and fittings thereof | Twenty per cent. *ad valorem.* |
| (ii) Rexin cloth .. .. .. | Twenty per cent. *ad valorem.* |
| (iii) Insulation boards and materials, all sorts .. | Fifteen per cent. *ad valorem.* |
| (iv) Telephone and inter-com instrument .. | Twenty-five per cent. *ad valorem.* |
| (v) Plastic foam sponge .. .. .. | Twenty-five per cent. *ad valorem.* |

| | |
|---|---|
| (vi) Plastic bag .. .. .. | Ten per cent. *ad valorem.* |
| (vii) Plastic containers, all sorts .. .. | Five per cent. *ad valorem.* |
| (viii) Plastic crockeries and utensils .. .. | Five per cent. *ad valorem.*"; |

(৮) কলাম (1) এর আইটেম নম্বর 05·02 (2) এর বিপরীতে কলাম (2) তে এন্ট্রি (ii) এবং উহার বিপরীতে কলাম (3) এর এন্ট্রিসমূহের পরে নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

| | |
|---|---|
| "(iii) Tyres and tubes for motor vehicles .. | Ten per cent. *ad valorem.*"; |

(৯) কলাম (1) এর আইটেম নম্বর 08·07 (2), 08·07 (3) এবং 08·07 (4) এর পরিবর্তে যথাক্রমে আইটেম নম্বর 08·07(1), 08·07(2) এবং 08·07(3) প্রতিস্থাপিত হইবে;

(১০) কলাম (1) এর আইটেম নম্বর 09·03 এর বিপরীতে কলাম (2) তে যথাক্রমে এন্ট্রি (b) ও (c) এবং উহাদের বিপরীতে কলাম (3) তে তৎসম্পর্কিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | |
|---|---|
| "(b) Ceramic bricks gas burnt .. .. | Taka one hundred twenty-five per thousand bricks. |
| (c) Ceramic bricks non-gas burnt .. .. | Taka thirty per thousand bricks." ; |

(১১) কলাম (1) এর আইটেম নম্বর 10·05 এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"Stainless steel—

| | |
|---|---|
| (a) stainless steel strainers .. .. | Nil. |
| (b) stainless steel razor blades .. .. | Five per cent *ad valorem.* |
| (c) Others .. .. .. .. | Ten per cent. *ad valorem.*" ; |

(১২) কলাম (1) এর আইটেম নম্বর 10·06 এবং উহার বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(১৩) কলাম (1) এর আইটেম নম্বর 10·07 এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Aluminium wares, utensils, fittings and fixtures—

| | |
|---|---|
| (i) Aluminium wares and utensils .. .. | Five per cent. *ad valorem.* |
| (ii) Aluminium fittings and fixtures .. | Ten per cent. *ad valorem.*"; |

(১৪) কলাম (1) এর আইটেম নম্বর 10·10 এবং উহার বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহের পরে নিম্নরূপ আইটেম নম্বর এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

"10·11 Enamel wares and utensils .. .. Five per cent. *ad valorem.*";

(১৫) কলাম (1) এর আইটেম নম্বর 11·04 (3) এর বিপরীতে কলাম (3) তে "Twenty-five" শব্দগুলির পরিবর্তে "Twenty" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(১৬) কলাম (1) এর আইটেম নম্বর 12·04 এর বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"Wooden furniture the value of which does not exceed taka five hundred per piece Nil.";

(১৭) কলাম (1) এর আইটেম নম্বর 12·07 এর বিপরীতে কলাম (2) এর এন্ট্রি (c) এর বিপরীতে কলাম (3) তে "Ten per cent" শব্দগুলির পরিবর্তে "Ten per cent, *ad valorem.*" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) টেবিল—২তে,—

(১) কলাম (1) এর আইটেম নম্বর 13·02 এবং উহার বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে; এবং

(২) কলাম (1) এর আইটেম নম্বর 13·05 এবং উহার বিপরীতে কলাম (2) এবং কলাম (3) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস,এম, আকরাম

অতিরিক্ত সচিব।

---

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও ২০৩-আইন/৮৯/২০০ -আবগারী।—The Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 3(2) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ১৮ই জুন, ১৯৮৭/৩রা আষাঢ়, ১৩৯৪ তারিখের প্রজ্ঞাপন নং S.R.O. 121-L/87/161-Exciseএ নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে প্রথম কলামের Item No. 02·02 এর বিপরীতে তৃতীয় কলামে "1900" সংখ্যাটির পরিবর্তে "2000" সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

এ.টি.এম. মিজানুল হক

দ্বিতীয় সচিব (আবগারী)।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও ২০৪-আইন/৮৯/২০১-আবগারী।—The Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 3(4) এ, উক্ত Act এর section 37 সহপঠিতব্য, প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, উৎপাদন-ক্ষমতাভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধিমালা, ১৯৮৮তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা,—

"৪। বিধি ৩এ উল্লেখিত নীতির ভিত্তিতে প্রতিটি ফিলার মেশিনের উপর প্রতি অর্ধ বৎসরে ঢাকা বিভাগে অবস্থিত মেশিনের ক্ষেত্রে ২ কোটি ৫০ লক্ষ টাকা, চট্টগ্রাম বিভাগে অবস্থিত মেশিনের ক্ষেত্রে ২ কোটি টাকা এবং খুলনা ও রাজশাহী বিভাগে অবস্থিত মেশিনের ক্ষেত্রে ১ কোটি ৫০ লক্ষ টাকা হারে আবগারী শুল্ক আরোপ ও আদায় করা হইবে।"

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৮৯ ইং মোতাবেক ১৭ই আষাঢ়, ১৩৯৬ বাং তারিখে কার্যকর হইবে।

ফিরোজ আহমেদ

দ্বিতীয় সচিব (আবগারী)।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও, ২০৫-আইন/৮৯/২০২-আবগারী।—The Excises and Salt Rules, 1944 এর rule 235 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৭শে জুন, ১৯৮৬ তারিখের Notification No. S.R.O. 241-L/86/150-Excise রহিতক্রমে, এতদ্বারা নির্দিষ্ট (specify) করিলেন যে, The Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর PART-I এর অধীন নিম্নবর্ণিত পণ্য ব্যতীত সকল পণ্যের ক্ষেত্রে উক্ত Rules এর Chapter XV এর বিধানসমূহ প্রযোজ্য হইবে, যথা:—

| "আবগারী ট্যারিফ হেডিং | পণ্যের নাম |
|---|---|
| 03·03 | Petroleum oils and oils obtained from bituminous, minerals, crude. |
| 03·04 | Petroleum gases and other gaseous hydrocarbons including natural gas, and liquified petroleum gas. |
| 03·05 | Furnace oil. |
| 03·06 | High speed diesel oil. |
| 03·07 | Diesel oil, not otherwise specified. |
| 03·08 | Jet fuels. |
| 03·09 | Kerosene. |
| 03·10 | Motor spirit, including HOBC. |

| "আবগারী ট্যারিফ হেডিং | পণ্যের নাম |
|---|---|
| 03·11 | Petroleum grease. |
| 03·12 | Petroleum Jelly. |
| 03·13 | Petroleum lubricating oils, all sorts. |
| 03·14 | Naptha and other such petroleum products. |
| 03·15 | Asphalt. |
| 03·16 | Petroleum products, not otherwise specified." |

এস.এম. আকরাম
সদস্য (আবগারী)।

---

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও ২০৬-আইন/৮৯/২০১-আবগারী।—The Excises and Salt Act, 1944 (I of 1944)-এর section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র বিভাগের ১৮ই জুন, ১৯৮৭ ইং/৩রা আষাঢ়, ১৩৯৪ বাং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও, ১২০-এল/৮৭/ ১৬০-আবগারীতে নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলে, হেডিং নং "11·11" এবং উহার বিপরীতে এন্ট্রিসমূহের পর নিম্নরূপ হেডিং নং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

| | |
|---|---|
| "05·01(1)(vi) | প্লাষ্টিক ব্যাগ |
| 10·06 | ষ্টীলের ফার্নিচার ও ফিক্সার্স |
| 12·04 | উডেন ফার্নিচার, সকল প্রকার"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
এস,এম, আকরাম
অতিরিক্ত সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও ২০৭-আইন/৮৯/২০৪-আবগারী।— The Excises and Salt Act, 1944 (1 of 1944) এর section 3 এর sub-section(4) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, উহার ১১ই জুন, ১৯৬৬ তারিখের Notification No. SRO. 88(R)/66 এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত Notificationএ,—

(ক) paragraph 1এ,—

(১) clause (a) তে "forty" শব্দটির পরিবর্তে "sixty" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(২) clause (b) তে "twenty" শব্দটির পরিবর্তে "sixty" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) paragraph 2 তে,—

(১) clause(a) তে Rates এর টেবিলে "Category of factories" শিরনামার অধীন "forty" শব্দটির পরিবর্তে "sixty" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(২) clause (b) তে "seventy-five" এবং "twenty" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "three hundred" এবং "sixty" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

আবুল কাসেম

প্রথম সচিব (আবগারী)।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও ২০৮/আইন/৮৯/২০৫-আবগারী।— The Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 3(4), উক্ত Act এর section 37 সহপঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৭ই মার্চ, ১৯৮৯/২৩শে ফাল্গুন, ১৩৯৫ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও, ৬৯/আইন/৮৯/১৯৬-আবগারী রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

"১। (১) এই বিধিমালা ক্যাপাসিটি-ভিত্তিক আবগারী শুল্ক (সিনেমা হাউস) বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ১লা আষাঢ়, ১৩৯৬ বাং, মোতাবেক ১৫ই জুন, ১৯৮৯ ইং, হইতে কার্যকর হইবে।

২। বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ The Excises and Salt Act, 1944 (I of 1944);

(খ) "আবগারী শুল্ক" অর্থ বিধি ৭ এর অধীন ধার্যকৃত ও আদায়যোগ্য আবগারী শুল্ক;

(গ) "প্রবেশ পত্র" অর্থ সিনেমা হলে প্রবেশের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ফরম 'ক'তে বর্ণিত ইস্যুকৃত বা বিক্রীত টিকেট অথবা সৌজন্য পাশ বা কার্ড;

(ঘ) "প্রবেশ মূল্য" (admission charge) অর্থ প্রবেশ ফি এবং শীতাতপ নিয়ন্ত্রণ এবং হলের রক্ষণাবেক্ষণ এর জন্য আদায়কৃত চার্জসমূহের সমষ্টি;

(ঙ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম;

(চ) "ব্যবস্থাপনা কর্তৃপক্ষ" অর্থ সিনেমা হাউসের মালিক, স্বত্বাধিকারী, ব্যবস্থাপক অথবা উহার পরিচালনার দায়িত্বে নিয়োজিত অন্য যে কোন ব্যক্তি;

(ছ) "যথাযথ কর্মকর্তা" অর্থ আবগারী সুপারিনটেণ্ডেণ্টের পদমর্যাদার নিম্নে নহেন আবগারী বিভাগের এমন কোন কর্মকর্তা;

৩। কোন সিনেমা হাউস প্রদত্ত সার্ভিসের উপর আবগারী শুল্ক এই বিধিমালায় বিধৃত বিধান অনুযায়ী ধার্য এবং আদায় করা হইবে।

৪। (১) প্রত্যেক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ১০০ টাকা লাইসেন্স ফি প্রদান এবং ফরম B-9 এ বণ্ড সম্পাদনসহ ১০০০ টাকা জামানত রাখিয়া বিভাগীয় আবগারী কর্মকর্তার নিকট হইতে আবগারী লাইসেন্স L-7 গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন গৃহীত লাইসেন্স প্রতি বৎসর ১০০ টাকা নবায়ন ফিস প্রদান করিয়া নবায়ন করিতে হইবে।

৫। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কোন ব্যক্তিকে তাঁহার সিনেমা হাউসে চলচ্চিত্র প্রদর্শনকালীন প্রবেশপত্র ব্যতীত সিনেমা হাউসে প্রবেশ করিতে দিতে পারিবে না।

৬। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রত্যেক মাস সমাপ্ত হইবার পরবর্তী ৭ দিনের মধ্যে ফরম 'খ'-তে চলচ্চিত্র শো সম্পর্কিত একটি মাসিক বিবরণী যথাযথ কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন। এই সময়সীমার মধ্যে কেহ মাসিক বিবরণী প্রেরণ করিতে ব্যর্থ হইলে যথাযথ কর্মকর্তা তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে যাহা দশ দিনের কম হইবে না, উক্ত বিবরণী দাখিল করিবার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর নোটিশ জারি করিবেন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বিবরণী দাখিল করিবেন।

৭। (১) কোন সিনেমা হাউসের উপর আরোপ্য আবগারী শুল্ক নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান আবগারী শুল্কের হার বা হারসমূহ নিম্নবর্ণিত বিষয়গুলিসহ বিবেচনা করিতে হইবে, যথা :—

(ক) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত আসনসমূহের শ্রেণীভিত্তিক মোট সংখ্যা;

(খ) প্রবেশপত্রে প্রদর্শিত শ্রেণীভিত্তিক প্রবেশ মূল্য; এবং

(গ) সপ্তাহের বিভিন্ন দিবসে প্রদর্শিত শো এর সংখ্যা অনুসারে বাৎসরিক মোট শো এর সংখ্যা;

(২) উপ-বিধি (১) অনুযায়ী নির্ধারিত শুল্ক নিম্নবর্ণিত হ্রাসকৃত হারে প্রদেয় এবং আদায়যোগ্য হইবে :—

(ক) ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত কোন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের ষাট শতাংশ;

(খ) চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত কোন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের পঞ্চাশ শতাংশ;

(গ) ঢাকা মেট্রোপলিটন এলাকা এবং চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন কোন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের চল্লিশ শতাংশ;

(ঘ) খুলনা মেট্রোপলিটন এলাকায় এবং রাজশাহী বিভাগীয় সদরের পৌর এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত কোন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের পঁয়ত্রিশ শতাংশ;

(ঙ) খুলনা মেট্রোপলিটন এলাকায় এবং রাজশাহী বিভাগীয় সদরের পৌর এলাকায় অবস্থিত শীতাতপ নিয়ন্ত্রিত নয় এমন কোন সিনেমা হাউস এবং নারায়ণগঞ্জ, কুমিল্লা, সিলেট, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, বগুড়া, পাবনা, কুষ্টিয়া, যশোর এবং বরিশাল জেলা সদরের পৌর এলাকায় অবস্থিত কোন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের ত্রিশ শতাংশ;

(চ) দফা (ক) হইতে (ঙ)তে উল্লিখিত কোন এলাকায় অবস্থিত নয় এমন কোন পৌর এলাকাধীন সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের সাড়ে বাইশ শতাংশ;

(ছ) দফা (ক) হইতে (চ) পর্যন্ত উল্লিখিত পৌর এলাকা সীমানার এক কিলোমিটার দূরত্বের মধ্যে অবস্থিত সিনেমা হাউসের ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌর এলাকার জন্য প্রযোজ্য হ্রাসকৃত হার;

(জ) অন্যান্য এলাকায় অবস্থিত সিনেমা হাউসের ক্ষেত্রে নির্ধারিত শুল্কের সাড়ে বার শতাংশ:

(৩) প্রতিটি সিনেমা হাউসের প্রধান প্রবেশ পথ বা প্রধান লবিতে শ্রেণীভিত্তিক মোট আসন সংখ্যা, প্রবেশ মূল্য এবং সপ্তাহের বিভিন্ন দিনে প্রদর্শিত শো এর সংখ্যা সর্বদা প্রকাশ্যভাবে প্রদর্শন করিতে হইবে।

(৪) এই বিধিমালা বলবৎ হওয়ার সময় কোন সিনেমা হাউস চালু না থাকিলে এবং পরবর্তী কোন সময়ে উহা চালু হইলে চালু হওয়ার দিন হইতে এই বিধিমালা অনুসারে নির্ধারিত আবগারী শুল্ক নির্ধার্য এবং পরিশোধযোগ্য হইবে।

(৫) উপ-বিধি (১) কার্যকর করণের উদ্দেশ্যে প্রত্যেক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উহার সিনেমা হাউসের শ্রেণীভিত্তিক মোট আসন সংখ্যা, সপ্তাহের বিভিন্ন দিনে প্রদর্শিত শো এর সংখ্যা এবং শ্রেণীভিত্তিক প্রবেশমূল্য সম্বলিত একটি ঘোষণা ফরম 'গ' তে প্রতি বৎসর ১৫ই ডিসেম্বর তারিখের মধ্যে পরবর্তী পঞ্জিকা বৎসরের জন্য এইরূপ ডেপুটি কালেক্টর বা সহকারী কালেক্টর অব এক্সাইজ যাহার স্থানীয় এখতিয়ারাধীনে উক্ত সিনেমা হাউসে অবস্থিত, এর নিকট দাখিল করিবেন; এবং সংশ্লিষ্ট ডেপুটি কালেক্টর বা সহকারী কালেক্টর উক্ত ঘোষণার ভিত্তিতে সিনেমা হাউসটির বার্ষিক ক্যাপাসিটি ট্যাক্সের পরিমাণ নির্ধারণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ডেপুটি কালেক্টর বা সহকারী কালেক্টর অব এক্সাইজের পূর্বানোমোদনক্রমে কোন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রবেশমূল্য, আসন সংখ্যা কিংবা শো এর সংখ্যা হ্রাস কিংবা বৃদ্ধি করিতে পারিবেন এবং সেই ক্ষেত্রে সিনেমা হাউসটির ক্যাপাসিটি ডিউটির পরিমাণ পুনঃ নির্ধারণ করা হইবে।

৮। (১) বিধি ৭ অনুসারে প্রদেয় আবগারী শুল্ক প্রতি সপ্তাহে পরিশোধ করিতে হইবে এবং বার্ষিক প্রদেয় আবগারী শুল্ক অনধিক ৫২টি কিস্তিতে পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত রূপ প্রতিটি কিস্তি অগ্রিম পরিশোধ করিতে হইবে।

(২) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ইচ্ছা করিলে একাধিক কিস্তির টাকা একত্রে পরিশোধ করিতে পারিবে।

(৩) উপবিধি (১) এ নির্ধারিত সময়ের মধ্যে আবগারী শুল্ক পরিশোধ করা না হইলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট হইতে প্রতি মাস অথবা ইহার অংশ বিশেষ বিলম্বের জন্য শতকরা ৫ ভাগ হারে অতিরিক্ত শুল্ক আদায় করা হইবে।

৯। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শুল্কের টাকা সরকারী ট্রেজারী অথবা সাব-ট্রেজারীতে চালানের মাধ্যমে জমা করিয়া অনতিবিলম্বে চালানের অনুলিপি যথাযথ কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

১০। আইনের বিধান এবং অত্র বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন হইতেছে কিনা উহা যাচাইকল্পে যথাযথ কর্মকর্তা কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কোন কর্মকর্তা চলচ্চিত্র প্রদর্শনকালীন সময়ে কিংবা অন্য যে কোন যুক্তিযুক্ত সময়ে সিনেমা হাউসে প্রবেশ করিতে পারিবেন।

১১। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাহার সিনেমা হাউসের উপর ধার্যকৃত বার্ষিক আবগারী শুল্কের ব্যাপারে সংক্ষুব্ধ হইলে উহার বিরুদ্ধে আইনের section 3(6) এর আওতায় গঠিত ষ্ট্যান্ডিং ট্রাইব্যুনালের নিকট আবগারী শুল্ক নির্ধারণের তারিখ হইতে ৩০ দিনের মধ্যে আপীল করিতে পারিবে এবং উক্ত আপীল-এর উপর ষ্ট্যান্ডিং ট্রাইব্যুনালের রায় চূড়ান্ত হইবে।

১২। The Excises and Salt Rules, 1944 এর রুলস ৯, ৫২, ২২৪ এবং ২২৯-এর বিধানসমূহ এই বিধিমালার অধীন ধার্যকৃত ও আদায়যোগ্য আবগারী শুল্কের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

১৩। কোন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে উহার উপর Act বা তদধীনে প্রণীত rules এর বিধানাবলী মোতাবেক যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে তাহা ছাড়াও, সিনেমা হাউস বন্ধ ঘোষণাসহ, অনধিক দশ হাজার টাকা বা উহার উপর নির্ধার্য আবগারী শুল্কের অনধিক দশগুণ পরিমাণ—যাহাই বেশী হউক—জরিমানা আরোপ করা যাইবে।

---

ফরম 'ক'

প্রবেশপত্রের নমুনা

(বিধি ২ ও ৫ দ্রষ্টব্য)

| সিনেমা হাউসের নাম ও ঠিকানা | সিনেমা হাউসের নাম ও ঠিকানা। | সিনেমা হাউসের নাম ও ঠিকানা। |
|---|---|---|
| ক্রমিক নং তাং<br>শো শ্রেণী<br>প্রবেশ ফি<br>অন্যান্য চার্জ<br>আবগারী শুল্ক<br>মোট | ক্রমিক নং তাং<br>শো শ্রেণী<br>প্রবেশ ফি<br>অন্যান্য চার্জ<br>আবগারী শুল্ক<br>মোট | ক্রমিক নং তাং<br>শো শ্রেণী<br>প্রবেশ ফি<br>অন্যান্য চার্জ<br>আবগারী শুল্ক<br>মোট |

ফরম

চলচ্চিত্র শো সম্পর্কিত

(বিধি ৬

| প্রদর্শিত চলচ্চিত্রের নাম ও সংখ্যা (১) | প্রদর্শিত শো এর সংখ্যা (২) | | | | প্রবেশ মূল্য (৩) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | নিয়মিত শো | প্রভাতী শো | বিশেষ শো | মোট | ড্রেস সার্কেল | ১ম শ্রেণী | ২য় শ্রেণী। |
| | ১ | ২ | ৩ | ৪ | ১ | ২ | ৩ |
| | | | | | | | |

এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাদি আমার জানামতে নির্ভুল।

বিঃ দ্রঃ—সিনেমা হাউসে বিদ্যমান শ্রেণীর নাম অনুসারে ছকে বর্ণিত শ্রেণীর নামে পরিবর্তন করা ও প্রয়োজনে অতিরিক্ত কলাম সংযোজন করা যাইতে পারে।

'খ'

মাসিক বিবরণী

দ্রষ্টব্য)

সিনেমা হাউসের নাম...........

মাস.......................

| আবগারী শুল্ক হার (৪) | | | বিভিন্ন শ্রেণীতে বিক্রীত প্রবেশ পত্রের সংখ্যা। (৫) | | | কিস্তি পরিশোধের বিবরণী। (৬) | | মন্তব্য (৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ড্রেস সার্কেল | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ড্রেস সার্কেল | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | কিস্তির পরিমাণ | কিস্তি পরিশোধের তারিখ | বকেয়া পরিমাণ আবগারী শুল্ক সমেত। |
| ১ | ২ | ৩ | ১ | ২ | ৩ | ১ | ২ | ৩ |
| | | | | | | | | |

সিনেমা হাউসের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের

স্বাক্ষর।

## ফরম 'গ'

## সিনেমা হাউসের শ্রেণীভিত্তিক আসন সংখ্যা, প্রবেশ মূল্য ও শো-এর সংখ্যা সম্পর্কিত ঘোষণা পত্র।

(বিধি ৭ দ্রষ্টব্য)

বরাবরে,

ডেপুটি/সহকারী কালেক্টর অব এক্সাইজ

.........................

.........................

..............

ক্যাপাসিটিভিত্তিক আবগারী শুল্ক (সিনেমা হাউস) বিধিমালা, ১৯৮৯-এর ৭(৫) বিধি অনুসারে আমি/আমরা আমাদের সিনেমা হাউসের প্রয়োজনীয় তথ্যাবলীর ঘোষণা নিম্নে প্রদান করিলাম:—

১। সিনেমা হাউসের নাম:

২। শীতাতপ নিয়ন্ত্রিত/শীতাতপ নিয়ন্ত্রিত নয়:

৩। ঠিকানা:

৪।

| শ্রেণীর নাম | আসন সংখ্যা | প্রবেশ মূল্য | আবগারী শুল্ক (প্রবেশ মূল্যের শতকরা ১২৫ ভাগ হারে)। | মোট আবগারী শুল্ক। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (ক) ................ | | | | |
| (খ) ...................... | | | | |
| (গ) ...................... | | | | |
| (ঘ) ...................... | | | | |
| মোট | | | | |

৫। দৈনিক নিয়মিত 'শো'-এর সংখ্যা:
(শো-এর সময়ের উল্লেখ করিতে হইবে)

৬। বাৎসরিক নিয়মিত 'শো'-এর সংখ্যা:

৭। সাপ্তাহিক বিশেষ 'শো'-এর সংখ্যা:
(দিবস ও সময়ের উল্লেখ করিতে হইবে)

৮। বাৎসরিক বিশেষ 'শো'-এর সংখ্যা:

৯। সাপ্তাহিক প্রভাতী 'শো'-এর সংখ্যা:
(সময় ও দিবসের উল্লেখ করিতে হইবে)

১০। বাৎসরিক প্রভাতী 'শো'-এর সংখ্যা:

১১। মোট 'শো' সংখ্যা:
(৬+৮+১০)

আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, উপরোক্ত ঘোষণা আমার/আমাদের জানামতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও সীল।"

[বিশেষ দ্রষ্টব্য—বাৎসরিক হিসাব প্রদানকালে প্রত্যেকটি বৎসরকে ৩৬৫ দিন ধরিতে হইবে।]

আবুল কাসেম
প্রথম সচিব (আবগারী)।

## প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর, ও ২০৯-আইন/৮৯/২০৬—আবগারী।—The Excises and Salt Act, 1944 (1 of 1944) এর section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড The Excises and Salt Rules, 1944 এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত Rules এর rule 96 MX এর পরিবর্তে নিম্নরূপ rule 96 MX প্রতিস্থাপিত হইবে, যথা:—

"96MX-ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স এবং কাঠের আসবাবপত্র এর উপর আরোপিত আবগারী শুল্ক আদায়ের বিশেষ পদ্ধতি—(১) এই rule ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স এবং কাঠের আসবাবপত্র তৈরীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই rules এ যাহা কিছুই থাকুক না কেন, ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স এবং কাঠের আসবাবপত্রের উপর আবগারী শুল্ক এই rule এ বর্ণিত পদ্ধতিতে আদায় ও পরিশোধযোগ্য হইবে।

(৩) বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই rule এ,—

(ক) "আবগারী শুল্ক" অর্থ Act এর section 3 এর অধীন প্রদেয় duty ;

(খ) "কাঠের আসবাব পত্র" অর্থ Act এর FIRST SCHEDULE এর PART I এর আইটেম নম্বর 12·04 এ বর্ণিত কাঠের আসবাবপত্র ;

(গ) "নির্মাতা" অর্থ ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স এবং কাঠের আসবাবপত্র নির্মাণ কারখানার স্বত্বাধিকারী, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপক, মহা-ব্যবস্থাপক, অংশীদার, পরিচালনা অংশীদার বা অন্য কোন নামে পরিচিত ব্যক্তি ;

(ঘ) "ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স" অর্থ Act এর FIRST SCHEDULE এর PART I এর আইটেম নম্বর 10·06 এ বর্ণিত ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স;

(৪) কাঠের আসবাবপত্র অথবা ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স নির্মাতাকে ৫০ টাকা লাইসেন্স ফি প্রদান এবং ফরম B-2 তে বণ্ড সম্পাদনসহ ২৫০ টাকা জামানত রাখিয়া বিভাগীয় আবগারী কর্মকর্তার নিকট হইতে আবগারী লাইসেন্স L-4 গ্রহণ করিতে হইবে।

(৫) প্রত্যেক নির্মাতাকে এই rules এর সহিত সংযুক্ত ফরম আরজি-১ এ তাহার প্রতিষ্ঠানে নির্মিত, প্রাপ্ত এবং বিক্রয়ের নিমিত্তে খালাসকৃত পণ্যের হিসাব দৈনন্দিন ভিত্তিতে রাখিতে হইবে।

(৬) Proper Officer কর্তৃক প্রত্যায়িত ক্রমিক নম্বরযুক্ত বিক্রয় বহি হইতে বিক্রয় মেমো ইস্যু ব্যতিরেকে কোন নির্মাতা এই পণ্য বিক্রয় করিতে পারিবেন না। অবশ্য নির্মাতা তাঁহার কারখানা হইতে বিক্রয়, মেরামত কিংবা প্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে শো রুম বা দোকানে কিংবা দোকান বা শো রুম হইতে কারখানায় এই পণ্য স্থানান্তর করিতে পারিবেন এবং সেক্ষেত্রে তাঁহাকে এই বিধিতে বর্ণিত ক্রমিক নম্বরযুক্ত ফরম টিপি-এস ডব্লিউ পরিবহন মেমো ব্যবহার করিতে হইবে এবং এই মেমো Proper Officer কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ স্থানান্তর একই নগরী, পৌর এলাকা কিংবা স্থানান্তরের স্থান হইতে ৮ কিলোমিটার দূরত্বের মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

(৭) নির্মাতাকে তৎকর্তৃক প্রতি মাসে বিক্রয়কৃত পণ্যের মূল্যের ভিত্তিতে উহার উপর প্রদেয় আবগারী শুল্ক হিসাব করিয়া উহা সংশ্লিষ্ট মাসের পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "১৪-আবগারী শুল্ক-আসবাবপত্রের উপর আবগারী শুল্ক" খাতে জমা করিতে হইবে এবং ১০ তারিখের মধ্যে একটি মাসিক রিটার্ন এই rules এর সহিত সংযুক্ত ফরম আরটি-১৬ তে Proper Officer এর নিকট ট্রেজারী চালানের অনুলিপিসহ দাখিল করিতে হইবে। Proper Officer উক্ত রিটার্ন এর সম্পূর্ণতা এবং সঠিকতা যাচাই করিয়া নির্মাতা কর্তৃক পরিশোধযোগ্য আবগারী শুল্কের পরিমাণ নিরূপণ করিবেন।

(৮) sub-rule (৭) এর অধীন দাখিলকৃত কোন রিটার্ন Proper Officer এর নিকট সন্তোষজনক বলিয়া বিবেচিত না হইলে তিনি এই বিষয়ে বিষয়টি সম্পর্কে নির্মাতা বা কোন সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিয়া উক্ত তথ্যের ভিত্তিতে প্রকৃত পরিশোধযোগ্য আবগারী শুল্কের পরিমাণ নির্ধারণ করিবেন, এবং উক্ত নিরূপিত শুল্ক নির্মাতা কর্তৃক প্রদেয় হইবে।

(৯) কোন নির্মাতা sub-rule (৭) এ উক্ত সময়সীমার মধ্যে মাসিক রিটার্ন দাখিল করিতে ব্যর্থ হইলে Proper Officer উক্ত নির্মাতাকে শুনানীর যুক্তিসংগত সুযোগ দান করিয়া তাহার সর্বোত্তম বিচারবুদ্ধি প্রয়োগপূর্বক নির্মাতা কর্তৃক প্রদেয় আবগারী শুল্ক নিরূপণ করিবেন এবং উক্তরূপে নিরূপিত শুল্ক পরিশোধ করিবার জন্য নির্মাতা বাধ্য থাকিবেন।

(১০) নির্মাতা তৎকর্তৃক প্রস্তুতকৃত এই পণ্যের বিবরণ, উহাদের খালাস, স্থানান্তর এবং বিক্রয় সংক্রান্ত রেজিষ্টার বহি, বিবরণী এবং মেমো আবগারী কর্মকর্তাগণের নিকট তাঁহাদের চাহিদাক্রমে তাঁহাদের পরিদর্শন ও পরীক্ষণের জন্য সকল যুক্তিযুক্ত সময়ে উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

(১১) নির্মাতা এই rule এর অধীন নিরূপিত আবগারী শুল্ক পরিশোধ না করিলে বা করিতে ব্যর্থ হইলে বা উহা পরিশোধ করিয়াছেন মর্মে Proper Officer কে সন্তুষ্ট করিতে ব্যর্থ হইলে, তাহার বিরুদ্ধে Act বা তদধীনে প্রণীত rules অনুযায়ী অন্যবিধ শাস্তিমূলক ব্যবস্থা ছাড়াও, তাহার উপর অনধিক দশ হাজার টাকা বা নির্ধার্য আবগারী শুল্কের দশগুণ পরিমাণ—যাহাই বেশী হউক—জরিমানা আরোপ করা যাইবে।

(১২) এই rule এর অধীন পণ্য নির্মাতার ক্ষেত্রে rule 9 এর second proviso এবং rules 52A, 52B, 53, 54, 227, 228, 228A ও 229 প্রযোজ্য হইবে না"।

(2) Appendix 1 এ, হেডিং "FORMS" এর অধীন—

(ক) "Form RG-1 (Furnitures and fittings)" এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম আরজি-১ (ফার্নিচার এবং ফিটিংস) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"আবগারী সিরিজ" নং ৫৫-ইউ

## ফরম আরজি-১ (ফার্নিচার এবং ফিটিংস)

## ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স বা কাঠের আসবাবপত্র এর দৈনিক হিসাব বিবরণী।

(রুল ৯৬ এস এস)

নির্মাতা প্রতিষ্ঠানের নাম.......................... রেঞ্জের নাম........................

ঠিকানা.................................... সার্কেলের নাম......................

আবগারী লাইসেন্স নম্বর..........................।

| তারিখ | প্রারম্ভিক স্থিতি | | | প্রাপ্ত/নির্মিত | | | খালাস | | | পরিশোধযোগ্য আবগারী শুল্কের পরিমাণ | ট্রেজারী চালানের নম্বর ও তারিখ | সমাপনী স্থিতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | | | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

(খ) "FROM RT-16 (FURNITURE, FITTINGS AND FIXTURES)" এর পরিবর্তে নিম্নরূপ ফরম আরটি-১৬ (ফার্নিচার, ফিটিংস ও ফিক্সার্স) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"আবগারী সিরিজ নং ৭৯ জি

আরটি-১৬ (ফার্নিচার, ফিটিংস ও ফিক্সার্স)

ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স বা কাঠের আসবাবপত্র

(রুল ৯৬ এমএম)

নির্মাতা প্রতিষ্ঠানের নাম..............................
ঠিকানা..............................
আবগারী লাইসেন্স নম্বর..............................
বরাবরে,
রেঞ্জ অফিসার
রেঞ্জ..................
সার্কেল..................

| প্রারম্ভিক স্থিতি | | | মাসব্যাপী প্রাপ্ত/নির্মিত | | | মাসব্যাপী খালাস | | | পরিশোধযোগ্য আবগারী শুল্ক। | পরিশোধিত আবগারী শুল্ক, ট্রেজারী চালানের নম্বর ও তারিখ। | সমাপনী স্থিতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য | | | পণ্যের বিবরণ | সংখ্যা | মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের প্রতিষ্ঠানে সংরক্ষিত রেজিষ্টার/রেকর্ড এর ভিত্তিতে আমি/আমরা উপরি-উক্ত বিবরণ পেশ করিলাম এবং উক্ত বিবরণ যথাসম্ভব সম্পূর্ণ এবং নির্ভুল।

নির্মাতার স্বাক্ষর।"

তারিখঃ

(গ) "FORM TP-SW (Booklet)" এর পরিবর্তে নিম্নরূপ ফরম প্রতিস্থাপিত হইবে, যথা:—

"আবগারী সিরিজ নং ৬৬ এবি

ফরম টি পি এস, ডব্লিউ (মেমো)

কাঠের আসবাবপত্র/ষ্টীলের আসবাবপত্র, ফিটিংস ও ফিক্সার্স এর একই নগর, পৌর এলাকা বা ৮ কিলোমিটারের মধ্যে স্থানান্তর এর ক্ষেত্রে ব্যবহার্য পরিবহন বহি।

(বিধি ৯৬ এম এক্স)

ক্রমিক নং................

নির্মাতা প্রতিষ্ঠানের নাম..............

ঠিকানা......................

আবগারী লাইসেন্স নম্বর..............

খালাসের স্থান.....................

গন্তব্যস্থল (লাইসেন্স নম্বর যদি থাকে)..........

বহনের মাধ্যম.....................

| খালাসের তারিখ | সময় | খালাসকৃত পণ্যের বিবরণ | | | প্রাপ্তির সময় | প্রাপকের স্বাক্ষর। |
|---|---|---|---|---|---|---|
| | | খালাসকৃত পণ্যের নাম | সংখ্যা | মূল্য | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

খালাসকারীর স্বাক্ষর।"

ফিরোজ আহমেদ

দ্বিতীয় সচিব (আবগারী)।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও ২১০-আইন/৮৯/২০৭-আবগারী।— The Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উহার ১লা জুলাই, ১৯৮৮ ইং/১৮ই আষাঢ়, ১৩৯৫ বাং তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও, ১৮৯-আইন/৮৮/১৮৬-আবগারী এতদ্বারা বাতিল করিলেন।

২। এই প্রজ্ঞাপন ১৫ই জুন, ১৯৮৯ ইং/১লা আষাঢ়, ১৩৯৬ বাং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম

অতিরিক্ত সচিব।

(বিজনেস টার্নওভার ট্যাক্স)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও, ২১১-আইন/৮৯/২০৮-বিটিটি।— The Business Turnover Tax Ordinance, 1982 (XVII of 1982) এর section 4(1) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭শে জুন, ১৯৮৬ তারিখের Notification No. S.R.O. 243-L/86/ 152-B.T.T. রহিত করিয়া নিম্নবর্ণিত পণ্য ও সার্ভিসকে এইরূপ পণ্য ও সার্ভিস হিসাবে ঘোষণা করিলেন, যাহার উপর টার্নওভার ট্যাক্স (turn over tax) আরোপ করা হইবে, যথাঃ—

(১) মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপ প্রদত্ত সার্ভিস।

(২) সুইটমিট্‌স।

(৩) স' মিলস (Saw mills) এবং কাঠ প্রক্রিয়াজাতকরণ কারখানা (Wood treatment plants) প্রদত্ত সার্ভিস।

(৪) ছাপাখানা (Printing Press) প্রদত্ত সার্ভিস।

(৫) কূটনীতিক এবং সুবিধাভোগী ব্যক্তিবর্গের (Diplomatic and privileged persons) জন্য কাষ্টমস বণ্ডেড ওয়্যারহাউসেস প্রদত্ত সার্ভিস।

(৬) ট্রাভেল এজেন্টস প্রদত্ত সার্ভিস।

(৭) ইনডেন্টিং ফার্মস প্রদত্ত সার্ভিস।

এস,এম, আকরাম

সদস্য (আবগারী)।

(ট্যাক্স অন এয়ারলাইন টিকেটস্)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও, ২১২-আইন/৮৯/২০৯-এটিটি।— Finance Ordinance, 1986(XLV of 1986) এর seciotn 11(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, উহার ১৬ই জুন, ১৯৮৮ ইং/৩রা আষাঢ়, ১৩৯৫ বাং তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও, ১৬২-আইন/৮৮/১৮২-এটিটি রহিতক্রমে, অভ্যন্তরীণ রুটে যে কোন বিমান বন্দর হইতে অন্য যে কোন বিমান বন্দর পর্যন্ত বিমান ভ্রমণের নিমিত্তে ব্যবহৃত প্রতিটি টিকেটের উপর ৫০ টাকা হারে Tax on Airline Tickets নির্ধারণ করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এস,এম, আকরাম

অতিরিক্ত সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও, ২১৩-আইন/৮৯/২১০—এটিটি।— The Finance Ordinance, 1986 (XLV of 1986) এর section 11(1) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বিদেশী কুটনীতিক শ্রেণীভুক্ত ব্যক্তিবর্গকে, এয়ারলাইনের চেক-ইন-কাউন্টার এবং বিমান বন্দরে কর্মরত শুল্ক ও আবগারী কর্মকর্তা কাউন্টারে কুটনৈতিক পাসপোর্ট প্রদর্শন সাপেক্ষে, ট্যাক্স অন এয়ারলাইন টিকেটস্ প্রদান হইতে অব্যাহতি দিলেন।

এস,এম, আকরাম

সদস্য (আবগারী)।

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস, আর, ও, ২১৪-আইন/৮৯/২১১-এটিটি।— The Finance Ordinance, 1986 (XLV of 1986) এর section 11(2) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Tax on Airline Tickets Rules, 1986 এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত Rules এ,—

(১) rule 2 এর clause (d) তে "or international" শব্দগুলি বিলুপ্ত হইবে, এবং

(২) rule 3 তে—

(ক) sub-rule (1) এর এন্ট্রি সমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি সমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"3(1) The Tax shall be collected at the rate of fifty taka against each domestic ticket for single journey from one airport to another"; এবং

(খ) sub-rule(2) এর Proviso গুলির পরিবর্তে নিম্নরূপ proviso প্রতিস্থাপিত হইবে, যথা :—

"Provided that the tax shall be levied only once on a domestic ticket which involves one or more stops-over on its way to ultimate airport of destination."

আবুল কাসেম

প্রথম সচিব (আবগারী)

(উন্নয়ন সারচার্জ)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৩৯৬/১৫ই জুন, ১৯৮৯

নং এস,আর,ও, ২১৫-আইন/৮৯/২১২-উসা।—অর্থ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের নং আইন) এর ধারা এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তফসিলে বর্ণিত SCHEDULE এ উল্লেখিত, নিম্নোক্ত আবগারী পণ্য ব্যতীত, কুটির শিল্পে উৎপাদিত সকল আবগারী পণ্যকে উক্ত ধারার উপ-ধারা (১) এর অধীন আরোপ্য উন্নয়ন সারচার্জ প্রদান হইতে অব্যাহতি দান করিলেন, যথা:—

| আইটেম নং | পণ্য |
|---|---|
| 01·03(1) | Tea |
| 02·04(2)(ii)(a)(i) | Cigarettes |
| 04·03(1) | Paints, pigments, varnishes and polishes |
| 04·04(1)(b) | Tooth paste |
| 04·10(1) | Antiseptic and disinfectant |
| 05·01(1)(vi) | Plastic bag |
| 09·03 | Bricks |
| 10·01 | Gold and products thereof |
| 10·06 | Steel furniture and fixtures |
| 11·11 | Passenger launches, ferry boats, inspection vessels, oil tankers, cargo vessels, barges, dumb barges, fishing boats, trawlers, tugs and speed boats |
| 12·04 | Wooden, furniture, all sorts |

ব্যাখ্যা:—এই প্রজ্ঞাপনে, "কুটির শিল্প" অর্থ এইরূপ শিল্প প্রতিষ্ঠান যাহার প্ল্যান্ট, মেশিনারী ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে কোন সময় তিন লক্ষ টাকার অধিক না হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এস, এম, আকরাম

অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।